



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬
www.nimc.gov.bd



নথি নম্বর: ১৫.৫৫.০০০০.৩০৫.২৫.০০২.২২.৯

তারিখ: ১৯ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: Broadcast Networking and New Media কোর্সের বিজ্ঞাপন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ১৯ ফেব্রুয়ারি থেকে ০৯ মার্চ ২০২৩ পর্যন্ত ০৩ (তিন) সপ্তাহ সপ্তাহব্যাপী Broadcast Networking and New Media কোর্স আয়োজন করতে যাচ্ছে।

Broadcast Networking and New Media কোর্সে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের স্নাতক পাশ হতে হবে। ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা প্রকৌশলীগণ আবেদন করতে পারবেন।


ভর্তি প্রক্রিয়া: সরাসরি অথবা অনলাইনে আবেদন করা যাবে। আবেদনকারী নিম্নোক্ত যে কোন পদ্ধতি অনুরসণ করতে পারবে:

অনলাইনে আবেদন প্রক্রিয়া: প্রথমে www.nimc.gov.bd ওয়েবসাইটের মূল পাতায় অনলাইনে আবেদন ক্লিক করে আবেদনপত্র পূরণ করতে হবে। অনলাইনে আবেদনকারীগণ ২০০/- (দুইশত) টাকা সাক্ষাৎকারের আগে ইনস্টিটিউটের হিসাব শাখায় জমা প্রদান করে সাক্ষাৎকারে অংশগ্রহণ করবে।

সরাসরি আবেদন প্রক্রিয়া: অফিস চলাকালীন (সরকারি ছুটির দিন ব্যতিত) ২০০/- (দুইশত) টাকা ফি দিয়ে আবেদনপত্র সংগ্রহ করে তা পূরণপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি ও ০২ কপি সত্যায়িত রঙিন ছবিসহ নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ১৩ ফেব্রুয়ারি ২০২৩। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। আগামী ১৪ ফেব্রুয়ারি পূর্বাহ্নে ১১.০০ ঘটিকায় Zoom প্ল্যাটফর্মে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

সাক্ষাৎকারে নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৩,০০০.০০ (তিন হাজার) টাকা মাত্র “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। প্রার্থী নির্বাচনের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।


০২/০২/২০২৩
(মোহা. আব্দুস সালাম)
প্রোগ্রামার ও
পাঠ্যধারা পরিচালক
ফোন: ৫৫০৭৯৪৩৭